



২৬৮ আসনে এককভাবে নির্বাচন করবে ইসলামী আন্দোলন



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীসহ ১১ দলের নির্বাচনি জোট থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছে চরমোনাই পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন বাংলাদেশ। দলটি জানায়, আসন্ন নির্বাচনে তারা ২৬৮টি আসনে নিজস্ব প্রার্থী দিয়ে এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করবে।

শুক্রবার (১৬ জানুয়ারি) বিকেলে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে এ সিদ্ধান্তের কথা জানান ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব ও মুখপাত্র মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, শুরুতে ২৭০টি আসনে দলের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। এর মধ্যে দুই আসনে মনোনয়ন বাতিল হওয়ায় বর্তমানে ২৬৮ জন প্রার্থী মাঠে রয়েছেন।

গাজী আতাউর রহমান আরও জানান, সব প্রার্থীকে নির্বাচন চালিয়ে যাওয়ার স্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে এবং কাউকে প্রার্থিতা প্রত্যাহার না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দলীয়ভাবে নির্বাচনি প্রস্তুতি ও প্রচারণা অব্যাহত থাকবে বলেও তিনি উল্লেখ করেন।